



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.৪৫.০১৬.২০২২-৭১১

তারিখ: ০৩/১১/২০২২ খ্রি.

**বিষয় :** মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের “জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনলাইন প্রশিক্ষণের সময় বর্ধিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সারাদেশের মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং প্রাথমিক বিদ্যালয়সমূহে (যেসকল প্রাথমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয়) ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক অনুযায়ী শিখন কার্যক্রম চালু হতে যাচ্ছে। শিক্ষাক্রম বাস্তবায়নে শিক্ষকদের ধারাবাহিকভাবে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হবে। এরই অংশ হিসেবে গত ৩০ সেপ্টেম্বর ২০২২ থেকে ৩১ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং প্রাথমিক বিদ্যালয়সমূহের (যেসকল প্রাথমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয়) সকল শিক্ষকদের অনলাইনে মুক্তপাঠ ই-লার্নিং প্ল্যাটফর্মে যুক্ত হয়ে “জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনলাইন প্রশিক্ষণ” বিষয়ক কোর্সটি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়েছিল। পুনরায় উক্ত প্রশিক্ষণের সময় আগামী ২০ নভেম্বর ২০২২ তারিখ পর্যন্ত নির্দেশক্রমে বর্ধিত করা হলো। এই প্রশিক্ষণটি বাধ্যতামূলক। এই প্রশিক্ষণ ছাড়া কোন শিক্ষক সরাসরি প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না।

স্বা/  
(অধ্যাপক নেহাল আহমেদ)  
মহাপরিচালক

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


১. জেলা শিক্ষা অফিসার (সকল)
২. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
৩. মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান প্রধান (সকল, মাধ্যমিক/কারিগরি/মাদ্রাসা/প্রাথমিক)

স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.৪৫.০১৬.২০২২-৭১১/৩(৮)

তারিখ: ০৩/১১/২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বোরাক টাওয়ার, লেভেল-৩, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।
৪. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
৫. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক, এটুআই, আইসিটি বিভাগ।
৭. পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৮. সংরক্ষণ নথি।

  
(ড. নীহার পারজীন)  
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৪)